বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

পিপিআর অনুবিভাগ

বিশেষ অনুষদ সভার কার্যবিবরণী।

সভাপতি: ড. এম আসলাম আলম
রেক্টর (সিনিয়র সচিব)

স্থান: রেক্টর'স কনফারেন্স রুম (আইটিসি ভবন)

তারিখ ও সময়: ০২ জানুয়ারি ২০১৯ খ্রি.; বিকাল ০৪:০০ টা।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ 'ক' পরিশিষ্ট:

সভার শুরুতে সভাপতি কর্তৃক অনুষদ সদস্যবর্গকে নতুন খ্রিষ্টাব্দের শুভেচ্ছা জানানো হয়। পরবর্তীতে সভাপতি একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসন লাভকারী বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেন এবং তিনি মত প্রকাশ করেন, উক্ত ইশতেহারের ভিত্তিতেই বাংলাদেশ আওয়ামী লীগ জনগণের বিপুল সমর্থন লাভে সক্ষম হয়েছে। নিঃসন্দেহে, নবগঠিত সরকার আগামী ০৫ বছরের সার্বিক কর্মকান্ড, পরিকল্পনা বাস্তবায়নে প্রণীত ইশতেহারটিকে মুখ্য উপজীব্য হিসেবে গ্রহণ করবে বলে আশা করা যায়।

অতঃপর সভাপতি কর্তৃক কেন্দ্রের এমডিএস (ডিএন্ডই) জনাব বণিক গৌর সুন্দরকে ইশতেহারটির বিশেষ ও উল্লেখযোগ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়। প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী এমডিএস (ডিএন্ডই) চমৎকার ভাষাশৈলীর সন্নিবেশনে নির্বাচনী ইশতেহারটির গুরুত্বপূর্ণ অনুষঙ্গসমূহ অনুষদ সদস্যবৃন্দের কাছে তুলে ধরেন।

পরবর্তীতে সভাপতির নির্দেশনা মোতাবেক ও আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন/সহযোগিতা
১। প্রণীত নির্বাচনী ইশতেহার ২০১৮ একটি সুসংবদ্ধ দলিল যার ভিত্তিতে আধুনিক বাংলাদেশ বিনির্মাণে পরবর্তী প্রয়োজনীয় কর্মসূচিসমূহ বাস্তবায়িত হবে। ফলে অনুষদ সদস্যবর্গের এ সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা প্রয়োজন মর্মে সভায় আলোকপাত করা হয়।	১.১ কেন্দ্রের সকল অনুষদ সদস্যকে নির্বাচনী ইশতেহার ২০১৮ এর অনুলিপি প্রেরণ করতে হবে। অনুলিপি বিতরণে প্রযুক্তির সহযোগিতা (WhatsApp, email ইত্যাদি) ব্যবহার করতে হবে। ১.২ অনুষদ সদস্যগণ ইশতেহার পাঠপূর্বক কেন্দ্রের কোর্সসমূহের Content (বিশেষত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স) উক্ত দলিলের সাথে কতটা সামঞ্জস্যপূর্ণ ও প্রাসঙ্গিক তা চিহ্নিত করে যথোপযুক্ত মাধ্যম অবলম্বনপূর্বক Contentসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) আধুনিকায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	পরিচালক (পিপিআর) /প্রোগ্রামার/অনুষদ সদস্যবৃন্দ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন/সহযোগিতা
২। নবগঠিত সরকার নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ীই আগামী ৫ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে উদ্যোগী হবে মর্মে সভায় ধারণা প্রদান করা হয়। ফলে সরকারি কর্মপরিকল্পনা বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণের সাথে ওতপ্রোতভাবে সংশ্লিষ্ট সরকারি কর্মচারীগণের এ বিষয়ে যথোপযুক্ত ধারণা থাকা আবশ্যক। দেশের শীর্ষস্থানীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে বিপিএটিসির অবারিত সুযোগ রয়েছে প্রশিক্ষণার্থীগণের (বিভিন্ন স্তরের সরকারি কর্মচারীগণ) মাধ্যমে ইশতেহার এর বার্তা সঠিকভাবে পৌঁছে দেয়ার এবং সর্বোচ্চ বাস্তবায়ন নিশ্চিত করার।	২.১ কেন্দ্রের সকল কোর্সের (চলমান ও আসন্ন) Course Content এ নির্বাচনী ইশতেহার ২০১৮ সংশ্লিষ্ট ০২ ঘন্টাব্যাপী অধিবেশন (Session) অন্তর্ভুক্ত করতে হবে। ২.২ অধিবেশনটির শিরোনাম হবে -'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ'।	পরিচালক (পিপিআর)/সংশ্লিষ্ট কোর্স প্রশাসন/সংশ্লিষ্ট অনুষদ সদস্য
৩। বিপিএটিসি যেহেতু Apex Training Centre সেহেতু প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানটির অগ্রগন্য ভূমিকা পালন করা উচিত বলে সভায় মন্তব্য করা হয়। উক্ত আলোচনার আলোকে, দেশের মধ্যে বিপিএটিসিতেই প্রথম নির্বাচনী ইশতেহার ২০১৮ নিয়ে কর্মশালা আয়োজনের প্রস্তাব উত্থাপন করা হয়।	৩.১ 'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ' শীর্ষক দিনব্যাপী একটি কর্মশালা আয়োজন করতে হবে। ৩.২ কর্মশালাটি অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ ১৯ জানুয়ারি ২০১৯ খ্রি.। কর্মশালাটিতে অংশগ্রহণকারী হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং মন্ত্রণালয়ের কর্মীগণকে আমন্ত্রণ জানানো হবে। ৩.৩ কর্মশালাটিতে প্রধান অতিথি/অতিথি হিসেবে মাননীয় উপদেষ্টা/মুখ্য সচিব/প্রধান মুখ্য সমন্বয়ক (এসডিজি)কে আমন্ত্রণ জানানো যেতে পারে। ৩.৪ কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করবেন জনাব বণিক গৌর সুন্দর, এমডিএস (ডিএন্ডই) এবং জনাব মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া, পরিচালক (পিপিআর)। ৩.৫ এছাড়াও ড. মোঃ মিজানুর রহমান, পরিচালক (গবেষণা) নির্বাচনী ইশতেহার ২০১৮ এর সঙ্গে এসডিজি ২০৩০ এর সংশ্লিষ্টতা শীর্ষক সংক্ষিপ্ত Presentation উপস্থাপন করবেন।	পরিচালক (পিপিআর) /সংশ্লিষ্ট কোর্স প্রশাসন/সংশ্লিষ্ট অনুষদ সদস্য/ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ
৪। এছাড়াও সভায় আলোচনাক্রমে পলিসি ডায়ালগ প্রসঙ্গের অবতারণা হয়। আগামীতেও এই ধরনের কর্মসূচি আয়োজনের পর্যাপ্ত বাজেট বরাদ্দ রাখা হয়, সে বিষয়ে যেনো নজর দেয়া হয় এবং ভিন্ন ভিন্ন অংশীজনের জন্য পৃথক ডায়ালগ অনুষ্ঠানের উপর গুরুত্ব দেয়া হয়।	সেক্টোরাল অর্থাৎ নির্দিষ্ট বিভাগ/সংস্থার জন্য আলাদা/পৃথক ডায়ালগের ব্যবস্থা করতে হবে। সময় ও চাহিদার আলোকে নির্দিষ্ট সময় অন্তর পলিসি ডায়ালগ অনুষ্ঠানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সচেষ্ট থাকতে হবে।	পরিচালক (পিপিআর)/ সংশ্লিষ্ট অনুষদ সদস্য

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন/সহযোগিতা
৫। বিপিএটিসিকে আন্তর্জাতিকমানের প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রূপান্তরের প্রচেষ্টায় সকলকে ব্রতী/প্রত্যয়ী হবার আহবান জানানো হয়। এক্ষেত্রে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা/প্রতিষ্ঠানের সাথে কেন্দ্রের সংশ্লিষ্টতা/সহযোগিতার ক্ষেত্র বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়।	৫.১ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও প্রতিষ্ঠানের (উদা- Europa, KAPA ইত্যাদি) সদস্যপদ অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫.২ প্রযোজ্য ক্ষেত্রে প্রদেয় নির্ধারিত চাঁদা সময়ানুযায়ী প্রদানপূর্বক সদস্যপদ অব্যাহত রাখার ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (আন্তর্জাতিক কর্মসূচি)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-০৬/০১/২০১৯
(ড. এম আসলাম আলম)
রেক্টর (সিনিয়র সচিব)

নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৬.০৫৮.১৭. ১৭৪

তারিখ: ০৬ জানুয়ারি ২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
২। মুখ্য সমন্বয়ক, এসডিজি, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২। পি. এস. টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সহকারী প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪। সংশ্লিষ্ট নথি।

০৬/০১/২০১৯
(মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)
পরিচালক (পিপিআর)

" পরিশিষ্ট - খ "

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা

বিশেষ অনুষদ সভা
তারিখ: ০২/০১/২০১৯

হাজিরা সীট

ক্র. নং	নাম	পদবী	স্বাক্ষর
১	মোঃ জায়েদুল হক মোল্লা	এমডিএস (প্রকল্প)	[illegible] 02.01.19
২	মোহাম্মদ মনির হোসেন	এমডিএস (পিএন্ডডি)	[illegible] 2.1.19
৩	মুহম্মদ মিজানুর রহমান এনডিসি	এমডিএস (এমএন্ডডি)	[illegible] 02.1.19
৪	[illegible] মোঃ মুসা	এমডিএস ([illegible])	[illegible] 02.01.19
৫	মোঃ আনোয়ার হোসেন ভূঁইয়া	পরিচালক প্রশিক্ষণ	[illegible]
৬	মো: আনোয়ার হোসেন	পরিচালক ([illegible])	[illegible] 2/1/19
৭	Mohammad Mizanur Rahman	Director (Evaluation)	[illegible]
৮	Mohammad Razibul Islam	Deputy Director (Admin)	[illegible]
৯	Rokeya Fahmida PhD	Deputy Director (Eva-1)	Fahmida 2/1/19
১০	মোঃ রাকিবুল ইসলাম	পরিচালক (প্রকল্প)	[illegible]
১১	[illegible]	উপ পরিচালক	[illegible]
১২	মো: [illegible]	উপপরিচালক ([illegible])	[illegible] 02/1/19
১৩	[illegible]	উপ পরিচালক	[illegible]
১৪	এ. কে. এম. [illegible] হোসেন	উপ পরিচালক	[illegible]
১৫	মো: [illegible]	উপসচিব [illegible]	[illegible] 02/01/19
১৫	[illegible]	উপপরিচালক (মূল্যায়ন-2)	[illegible] 2.1.19
১৬	মো: আলতাফ হোসেন	সহ: প্রোগ্রামার	[illegible] 2.01.2019